

অনুপম রায়ের কবিতা

মেটামরফোসিস

আমি প্রতিদিন তার অনুপস্থিতি অনুভব করি।
ছিঁড়ে যাওয়া সুতোয়
মাবেমাবে টান পড়ে।
বুঝতে পারি,
আমার দেহের ভেতরে কেউ বাস করত।

তার ব্যবহৃত চিন্তা ভাবনায়
আমি যেন দেখতে পাই তাকে,
পরিচিত গন্ধ জানিয়ে দেয়
এখানে কেউ ছিল।
হয়ত ধাক্কা খেতে খেতে সে মিলিয়ে গেছে
এক অজানা কোমলতায়।
নিজেকে ধ্বংস করে সে
আমার জন্য পুঁতে গেছে একটি চারা গাছ
যা আমি হয়ত অর্জন করিনি।

তার নিঃশব্দ মৃত্যুতেই
আমার জন্ম হয়।
তার চলে যাওয়ার কোনো তারিখ নেই,
অস্পষ্ট কিছু বছরের দাগ
আর একটা দীর্ঘ স্মৃতিহীনতা।

তারপর আমার পথ চলা শুরু।
মাটি থেকে কুড়িয়ে নি
তার ফেলে যাওয়া কিছু কথা,
হাওয়া থেকে ছেকে তুলি
তার ভেসে থাকা সুর,
দ্রুত শিখে ফেলি তার রেখে যাওয়া সঙ্গীত,
কিন্তু গাই নিজের মতো করে।

কল্পনার দাস

তুমি আমার কল্পনার দাস।
তোমাকে ভাবতে, ভাবতে
তুমি বদলে যাও,
প্রতিদিন একটু একটু করে।

জীবনের থেকে কত দূরে
এক অসম্ভব ক্ষুধার্ত সমুদ্র।
আমার সমস্ত চিন্তা ফুরিয়ে দিয়ে
আমাকেও খেতে চাও যখন,
আমার সমস্ত দুর্বলতা
চোখের সামনে মেলে ধরে,
তুমি ভুলে যাও,
তোমার আজকের এই অসাধারণ চেহারা,
আমার সাধারণ কল্পনা দিয়েই বানানো।



অনুপম রায়ের পরিচিতি একান্তই চাইলে কৌরব বলবে সে কবি, গীতিকার, গদ্যকার, ঔপন্যাসিক, তীব্র সাহিত্যানুরাগী ও ক্রমশ সঙ্গীতকার, গায়ক। একাধিক কাব্যগ্রন্থের মধ্যে উল্লেখ্য 'ছোঁয়াচে কলম', 'মন ও মেজাজ'। উপন্যাস 'সময়ের বাইরে'। কৌরব থেকে প্রকাশিত গদ্যগ্রন্থ 'আমাদের বেঁচে থাকা'। ওঁর গানের জনপ্রিয়তা উত্তুঙ্গ। অ্যালবাম ও চলচ্চিত্রের সংখ্যা ইতিমধ্যেই গোনাগুস্তির বাইরে।